শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
ভাতশালা, শেরপুর।

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

Telephone No : 0931-61026, 61121, E-Mail-sherpurpbs@yahoo.com, WEB: www.sherpurpbs.org

স্মারক নং-২৭.১২.৮৯৮৮.৫৬৬.০১.১০২.১৯(১৪২৬). ৩৮৬৩ তারিখ ঃ ১৬ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ। ২৯ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ।

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-১৪ ও ৩০০-২৪ এবং চাকুরীবিধি-১৯৯২(সংশোধিত-২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরত প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত আবেদন আহবান করা যাচ্ছে।

### পদের নামঃ লাইন টেকনিশিয়ান

০১. আবেদন করার নিয়মাবলীঃ

আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ঠ) চাকুরীতে নিয়মিত করনের তারিখ এবং লাইনম্যান গ্রেড-১ পদে পদোন্নতি ও নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক আগামী ১৯/০৫/২০১৯ খ্রিঃ তারিখ রবিবার সকাল ১০:০০ ঘটিকার সময় শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, ভাতশালা, শেরপুর এ স্ব- শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

০২. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিত করন পত্রের ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮/৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের ফটোকপি।
(গ) বিগত ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।
(ঘ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ফটোকপি।
(ঙ) সম্প্রতি তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি।
(চ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।
(ছ) সর্বশেষ ০৫(পাঁচ) বছরের দন্ড উল্লেখ পূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
(জ) সকল কাগজপত্র এজিএম(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৩. প্রার্থীর যোগ্যতাঃ

(ক) লাইনম্যান গ্রেড-১ পদে ন্যূনতম ০৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষনা-বেক্ষন ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।
(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান প্রশিক্ষণ সমাপ্ত হতে হবে।
(ঘ) বৈদ্যুতিক লাইন, ষ্টেকিংশীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইন রক্ষনা-বেক্ষনের জ্ঞান থাকতে হবে।
(ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
(চ) প্রার্থীকে অবশ্যই বৈদ্যুতিক পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।
(ছ) লাইনক্রুগণকে কাজ করার ক্ষেত্রে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।
(জ) লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩(তিন) বৎসর বার্ষিক কর্মমূল্যায়ন গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

০৪. পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ

০১. সর্বশেষ ০৩ বছরে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
০২. সর্বশেষ ০১ (এক) বছরে কোনরুপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

০৩. বিগত ০৫(পাঁচ) বছরের ভিতর একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

০৪. বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

০৫. বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

০৬. পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

০৭. বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে;

০৮. প্রার্থীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে;

০৫. শর্তাবলীঃ

(ক) নির্বাচিত প্রার্থীকে ০১(এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" হিসাবে নিয়োগ করা হবে। চলতি দায়িত্বকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনকসহ সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যাথায় "চলতি দায়িত্ব" কালের মেয়াদ বৃদ্ধি বা পূর্ববর্তী পদে ফেরত প্রদান করা হবে ।

(খ) অতীত কর্ম সম্পাদন মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্যে হতে জ্যেষ্ঠতা অনুসারে প্যানেল করা হবে। পরবর্তীতে পবিসের প্রয়োজন অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে প্যানেল হতে নিয়োগ প্রদান করা হবে।

(গ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী মুল বেতন ও ভাতাদি সংরক্ষন করা হবে।

(ঘ) পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকার (অর্থাৎ-শেরপুর সদর, নকলা, নালিতাবাড়ী, শ্রীবরদী, ঝিনাইগাতী উপজেলা ও জামালপুর জেলার লক্ষীরচর ও তুলশীরচর ইউনিয়ন) আওতায় স্থায়ী বাসিন্দাগনের আবেদন করার প্রয়োজন নেই।

(ঙ) পবিস কর্মচারী চাকুরী বিধি-১৯৯২(সংশোধিত-২০১২) এর ধারা ৭ মোতাবেক চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক হতে হবে।

(চ) অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী অথবা রক্ত সম্পর্কীয়দের এবং অত্র সমিতিতে কর্মরত কোন কর্মচারীর রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

(ছ) তথ্য গোপন করে যদি কেউ নিয়োগপ্রাপ্ত হন এবং পরবর্তীতে প্রমানিত হয়, তবে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিকেরেই তাকে চাকুরীচ্যুত করা হবে।

(জ) নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ঝ) শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

(ঞ) যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(মাসরুল হক খান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও বহুল প্রচারে নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, ----------------পবিস-১/২/৩/৪।
০৪। ডিজিএম(কারিগরী), শেরপুর পবিস।
০৫। এজিএম(ওএন্ডএম/এমএস/অর্থ), শেরপুর পবিস।
০৬। এজিএম(ওএন্ডএম), নকলা সাব-জোনাল অফিস, শেরপুর পবিস।
০৭। নোটিশ বোর্ড, শেরপুর পবিস।
০৮। অফিস কপি/মাষ্টার কপি।

(মাসরুল হক খান)
জেনারেল ম্যানেজার